

(2)

Ex./CBCS/BNB/UG/CORE/2.1/2018

২ক. কৃষ্ণদাস কবিরাজ বিরচিত ‘চৈতন্যচরিতামৃত’ গ্রন্থের রচনাকাল সম্পর্কিত বিতর্কের ওপর আলোকপাত করো। চৈতন্যচরিত হিসাবে এই বইটির গুরুত্ব ব্যাখ্যা করো। ৫+৫=১০

অথবা

২খ. সাহিত্য সমালোচকদের একাংশ চন্দ্রাবতীর রামায়ণকে খণ্ডিত এবং নগণ্য সাহিত্যকর্ম বলে অভিহিত করেছেন। তুমি কি এই সিদ্ধান্ত সমর্থনযোগ্য বলে মনে করো? যুক্তিসহ লেখো। ১০

৩ক. তুর্কি আক্রমণের প্রতিক্রিয়ায় বাংলার সমাজ-সংস্কৃতিতে যেসব পরিবর্তন দেখা গিয়েছিল তা সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

৩খ. কবির নামসহ মধ্যযুগে বাংলায় লেখা প্রধান প্রণয়কাহিনিগুলির উল্লেখ করো। এর মধ্যে যে কোনো দুটি কাহিনির সংক্ষিপ্ত পরিচয় দাও। এগুলি সুফি সাহিত্য হিসেবে পড়া হয় কেন? ২+৬+২=১০

অথবা

৩গ. সংক্ষিপ্ত পরিচয় দাও (যে কোনো দুটি) ৫x২=১০

(ক) জঙ্গনামা

(খ) মর্সিয়া

(গ) নাথসাহিত্য

(ঘ) অন্নদামঙ্গল

কলাস্নাতক অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০১৮

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেন্টার)

বাংলা

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

কোর্স ইউ.জি - ২.১

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।

১ক. আদিযুগের বাংলা সাহিত্যের একমাত্র প্রামাণিক নিদর্শন ‘চর্যাপদে’র খণ্ডিত পুঁথি কে কবে কোথা থেকে আবিষ্কার করেন? সহজিয়া ধর্মসাধনার কোন্ দিকগুলি চর্যার আলো-আঁধারি ভাষায় প্রকাশ পেত? চর্যাগানের সাহিত্যগুণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৩+৩+৪=১০

অথবা

১খ. বড়ু চণ্ডীদাসের ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের পুঁথির আবিষ্কার, প্রকাশ, বিষয়বস্তু এবং রচনাবৈশিষ্ট্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

২+১+৫+২=১০

অথবা

১গ. মঙ্গলকাব্য বলতে কী বোঝ? এই ধরনের কাব্যের ‘মঙ্গল’ নামের কারণ উল্লেখ করে, সাধারণ লক্ষণ নির্ণয় করো। ২+২+৬=১০